গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ

স্মারক নং - ৩১.৩০.৩৫৫১.৪০১.৩২.০০৮.২০২৩-১৬৭৮

তারিখ : ১১ পৌষ, ১৪৩০
২৬ ডিসেম্বর, ২০২৩

## খাস পুকুর/জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৩ জুন ২০০৯ খ্রি. তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ভূমম/শা-৭/বিবিধ/জল/০২/২০০৯-১৯১ ও সায়রাত শাখা-১ এর জারীকৃত প্রজ্ঞাপন নং ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ তারিখ: ০২ নভেম্বর ২০২৩ মোতাবেক গোপালগঞ্জ জেলাধীন কোটালীপাড়া উপজেলার নিম্নবর্ণিত ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলাশয় বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত "জাল যার জলা তার" এই নীতির আলোকে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট হতে নিম্নোক্ত তারিখ ও শর্তাবলী পালনসাপেক্ষে সাধারণভাবে ও অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত সময়সূচী মোতাবেক সরকারের নির্ধারিত কোডে অফেরতযোগ্য ৫০০/- টাকা জমা দিয়ে অন-লাইনে আবেদনপত্র দাখিল করা যাবে ও অন্যান্য যাবতীয় কার্যক্রম সম্পন্ন হবে।

### বাংলা ১৪৩১-১৪৩৩ সনের জন্য ইজারাযোগ্য ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহালের তালিকা।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | জে. এল নম্বরসহ মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং (এসএ) | জলাশয়ের জমির পরিমাণ (একরে) | সম্ভাব্য বার্ষিক ইজারা মূল্য | | | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১৪৩১ | ১৪৩২ | ১৪৩৩ | ৫০০/- |
| ১ | রামশীল | ৬০ নং রামশীল খাগবাড়ি | ১ | ৩০৭ | ০.৭৭ | ১২,১৫৬/- | ১২,৭৬৪/- | ১৩,৪০৩/- | |
| ২ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ১৮৭ | ০.৮৬ | ১১,৭৯৫/- | ১২,৩৮৫/- | ১৩,০০৫/- | |
| ৩ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ১০৫৯ | ০.৬১ | ৯,১৯০/- | ৯,৬৫০/- | ১০,১৩৩/- | |
| ৪ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ১০৬২ | ০.৯০ | ১৩,৪০৩/- | ১৪,০৭৪/- | ১৪,৭৭৮/- | |
| ৫ | রামশীল | ২২ নং রামশীল জহরের কান্দি | ১ | ১৪০ | ১.৮৫ | ১,০২,১০৪/- | ১,০৭,২১০/- | ১,১২,৫৭০/- | |
| ৬ | কুশলা | ৪১ নং টুপুরিয়া খাস পুকুর | ১ | ৮৭৮ | ০.৮৪ | ৫,৮৪৪/- | ৬,১৪১/- | ৬,৪৪৯/- | |
| ৭ | কুশলা | ৪১ নং টুপুরিয়া পুকুর | ১ | ৯২৮ | ০.৩৬ | ১৩,৩১৩/- | ১৩,৯৭৯/- | ১৪,৬৭৮/- | |
| ৮ | সুয়াগ্রাম | ৭৩ নং নারায়ন খানা | ১ | ৫১১ | ০.৬৬ | ৬,৯৪৬/- | ৭,২৯৪/- | ৭,৬৫৯/- | |
| ৯ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ৪৭০ | ০.৭২ | ১১,৩৬৭/- | ১১,৯৩৬/- | ১২,৫৩৩/- | |
| ১০ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ৭৪২ | ১.১৪ | ৬,৯৪৬/- | ৭,২৯৪/- | ৭,৬৫৯/- | |
| ১১ | সাদুল্লাপুর | ১১ নং কোনের ভিটা | ১ | ১০১১ | ৩.৯৫ | ৮,৬৮৩/- | ৯,১১৮/- | ৯,৫৭৪/- | |
| ১২ | সাদুল্লাপুর | ২৪ নং রামশীল ভূতেরবাড়ি | ১ | ৩৩৪ | ০.৯৪ | ৮,৭৪২/- | ৯,১৮০/- | ৯,৬৩৯/- | |
| ১৩ | কুশলা | ৩৫ নং টিহাটি | ১ | ২৮১ | ০.৮৪ | ১১,৯২৪/- | ১২,৫২১/- | ১৩,১৪৮/- | |
| ১৪ | কান্দি | ১০২ নং ধারাবাশাইল | ১ | ৮০৬ | ০.৮০ | ১৫,০৫০/- | ১৫,৮০৩/- | ১৬,৫৯৪/- | |
| ১৫ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ১০৭১ | ০.৭০ | ৯,৭২৪/- | ১০,২১১/- | ১০,৭২২/- | |
| | | | | | | | | | |
| ১৬ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ৯১৫ | ০.৫২ | ৯৩৭২/- | ৯৮৪১/- | ১০,৩৩১/- | |
| ১৭ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ১০৬৪ | ০.৫২ | ৬,০৭৮/- | ৬,৩৮২/- | ৬,৭০২/- | |
| ১৮ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ৯৯০ | ০.৭৬ | ১১,০২৫/- | ১১,৫৭৭/- | ১২,১৫৬/- | |
| ১৯ | রামশীল | ২২ নং রামশীলজহরেরকান্দি | ১ | ২৪৯ | ০.৪০ | ৬,০৭৮/- | ৬,৩৮২/- | ৬,৭০২/- | |
| ২০ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ৯২৬ | ০.৪৯ | ৭,৭৩৬/- | ৮,১২৩/- | ৮,৫৩০/- | |
| ২১ | রামশীল | ৬১ নং রাজাপুর | ১ | ১০০০ | ০.৬৯ | ১১,০২৫/- | ১১,৫৭৭/- | ১২,১৫৬/- | |
| ২২ | রামশীল | ৬০ নং রামশীলখাগবাড়ি | ১ | ১৫ | ০.৮৯ | ৬,৩৯৫/- | ৬,৭১৫/- | ৭,০৫১/- | |
| ২৩ | রামশীল | ২২ নং রামশীল জহরের কান্দি | ১ | ৫২ | ০.৯০ | ১৪,২০৯/- | ১৪,৯২০/- | ১৫,৬৬৬/- | |
| ২৪ | রামশীল | ২২ নং রামশীল জহরের কান্দি | ১ | ৮৫ | ০.৫৪ | ৬,৬৮৬/- | ৭,০২১/- | ৭,৩৭৩/- | |
| ২৫ | বান্ধাবাড়ি | ৫৯ নং বান্ধাবাড়ি | ১ | ৩২৫৩ | ১.০৩ | ১৭,৬৪০/- | ১৮,৫২২/- | ১৯,৪৪৯/- | |

চলমান পাতায়

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৬ | শুয়াগ্রাম | ৭৩ নং নারায়নখানা | ১ | ১৫৯ | ০.৫৬ | ৩,১৯২/- | ৩,৩৫২/- | ৩,৫২০/- | |
| ২৭ | আমতলী | ৬৫ নং গঁচাপাড়া | ১ | ২০৫৪<br>৩০৫০ | ১.৫৩ | ৯৯,২৬৭/- | ১,০৪,২৩১/- | ১,০৯,৪৪৩/- | |
| ২৮ | কান্দি | ১০২ নং ধারাবাসাইল | ১ | ১১১০ | ০.২৯ | ৬,০০০/- | ৬,৩০০/- | ৬,৬১৫/- | |
| ২৯ | ঘাগর | ৫৩ নং রাড়ীরবিল | ১ | ৪৮১ | ০.১৪ | ১১,৫৭৭/- | ১২,১৫৬/- | ১২,১৬৪/- | |
| ৩০ | পৌরসভা | ৬৯ নং মোক্ষকোটালীপাড়া | ১ | ৪৮০ | ০.২৯ | ৫,৭৭৯/- | ৬,০৬৮/- | ৬,০৩৭২/- | |
| ৩১ | কলাবাড়ি | ৩ নং কলাবাড়ি | ১ | ১৮৬২ | ১.২০ | ৯,৩১৫/- | ৯,৭৮১/- | ১০,২৩৭১/- | |

নিম্নবর্ণিতভাবে অন লাইনে আবেদনপত্র দাখিল, যাচাই-বাছাইসহ যাবতীয় কার্যক্রমের সময় ধার্য করা হলো :

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ১ মাঘ থেকে ৫ মাঘের (১৫ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারি) মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান |
| ২ | ৯ মাঘ থেকে ৩ ফাল্গুনের (২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি) মধ্যে | অন লাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ৩ | ০৩ ফাল্গুন (১৬ ফেব্রুয়ারি) এর পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অন লাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
| ৪ | ১৬ ফাল্গুনের (২৯ ফেব্রুয়ারি) মধ্যে | অন লাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ৫ | ২৬ ফাল্গুনের (১০ মার্চ) মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৬ | ১০ চৈত্রের (২৪ মার্চ) মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অনুমোদন |
| ৭ | ১৭ চৈত্রের (৩১ মার্চ) মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ |
| | ২৩ চৈত্রের (৬ এপ্রিল) মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ৮ | ১ বৈশাখ (১৪ এপিল) | ইজরাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

-নির্দেশিকা ও শর্তাবলী:-

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে সাধারণ আবেদনের মাধ্যমে ও অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

২। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৩। জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ৯ মাঘ থেকে ৩ ফাল্গুন পর্যন্ত ।

৪। অনলাইনে আদেন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ দরপত্র ক্রয়/আবেদনফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ বরাবর দাখিল করতে হবে। জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লেখিত খামের উপরিভাগে "'জলমহাল ইজাররা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে নিম্নভাতে সমিতির নাম ও ঠিকানা (মোবাইল নম্বরসহ) লিখতে হবে।

৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৬। আবেদনপত্রের প্রিন্টেড কপিসহ দাখিলের সময় আবেদনপত্রের উদ্ধৃত মূল্যের ২০% জামানত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যায়নপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ হবে।

৭। ইজারাাার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতায়

৮। ইজারার আবেদপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময় দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে ১ম বছরের ইজারামূল্যসহ ইজারামূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা দিতে হবে এবং পরবর্তী বছরসমূহের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১০। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।

১১। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসিবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী আবেদন সাপেক্ষে ফেরৎ দেয়া হবে।

১২। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টেড কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি, সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), ৩ বছরের কর্মপরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারাগ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশ বিশেষ সাব-লীজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন না।

১৪। দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/১২/২৩

(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ

স্মারক নং - ৩১.৩০.৩৫৫১.৪০১.৩২.০০৮.২০২৩- ১৬৭৮ তারিখ : ১১ পৌষ, ১৪৩০ / ২৬ ডিসেম্বর, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :**

০১। মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ-৩ এবং মাননীয় উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কোটালীপাড়া উপজেলা।
০২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।**

০১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), গোপালগঞ্জ ।
০২। সহকারী কমিশনার(ভূমি), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৪। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ ।
০৬। উপজেলা সমবায় কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ ।
০৭। মেয়র, কোটালীপাড়া, পৌরসভা ।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ------------------------------------------ (সকল) ইউনিয়ন ভূমি অফিস, কোটালীপাড়া, গোপালগঞ্জ । তার অফিসাধীন এলাকায় মাইকযোগে বহুল প্রচারের জন্য ।
০৯। সভাপতি, ------------------------------------------------ মৎস্যজীবী সমবায় সমিতি লি. এবং প্রাক্তন লিজগ্রহীতা।
১০। সম্পাদক, দৈনিক বর্তমান সোনার জলমহাল ইজারার বিজ্ঞপ্তিটি নির্ধারিত তারিখের পূর্বে তার দৈনিক পত্রিকায় এক (০১) দিনের জন্য প্রকাশসহ বিজ্ঞপ্তি প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ